অভিনন্দন!!! গাংনী সাহারবাটি গ্রামের গর্ব

বিশ্বের শীর্ষ বিজ্ঞানীদের তালিকায় স্থান করে নিয়েছেন মেহেরপুরের গাংনীর সাহারবাটির কৃতি সন্তান ড. মো: আব্দুর রশিদ (প্রফেসর ও সাবেক ডিন, ফার্মাস্যিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়)।

আন্তর্জাতিক খ্যাতনামা সংস্থা এডি সায়েন্টিফিক ইন্ডেক্স কর্তৃক সম্প্রতি প্রকাশিত ২০২১ সালের বিশ্বের বিজ্ঞানীদের শীর্ষ তালিকায় মর্যাদাপূর্ণ স্থান লাভ করেছেন স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি)-এর ফার্মাসি বিভাগের উপদেষ্টা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগের সাবেক অধ্যাপক ও ডিন অধ্যাপক ড. এম এ রশীদ।

সংস্থাটি সারা বিশ্বের ২০৬টি দেশের ১৩,৫৩১টি বিশ্ববিদ্যালয়ের ৭ লক্ষেরও বেশি বিজ্ঞানীর সাইটেশন ও অন্যান্য ইনডেক্সের ভিত্তিতে গত ১০ অক্টোবর বিশ্বব্যাপী এ তালিকাটি প্রকাশ করে। তালিকাটির ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগে ড. এম এ রশীদ ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ উভয় ক্যাটাগরিতেই প্রথম স্থান অধিকার করেন। এমনকি এশিয়া ও বৈশ্বিক ক্যাটাগরিতেও তিনি যথাক্রমে চতুর্থ ও পঞ্চম স্থান লাভ করেন।

আলমডাঙ্গার এলাহীনগর গ্রামে গরু ডাকাতির ঘটনায় শাওন আটক

আলমডাঙ্গার এলাহিনগর গ্রামে গরু ডাকাতির ঘটনায় শাওন (২০) নামের একজনকে আটক করেছে পুলিশ।
গত বুধবার রাতে পুলিশ অভিযান চালিয়ে তাকে আটক করে। জানা গেছে, আলমডাঙ্গার কুমারী ইউনিয়নের এলাহিনগর গ্রামের সোহরাব ফকিরের বাড়িতে গত ৩ অক্টোবর রাত ১১টার দিকে একদল ডাকাত হানা দেয়।

এসময় সোহরাব ফকির ও তার স্ত্রী ঘরের বারান্দায় ঘুমিয়ে ছিলেন। ডাকাতদল অতর্কিত হামলা চালিয়ে সোহরব ফকির ও তার স্ত্রীর মুখ-হাত বেঁধে ফেলে। তাদের ধরে মাঠের মধ্যে নিয়ে যায়। এ সময় স্বামী- স্ত্রীর শরীরের বিভিন্ন জায়গায় কুপিয়ে জখম করে। পরে দুটি গরু ও তার ছেলে শাহীনের গোয়াল থেকে আরেকটি গরু নিয়ে গ্রাম থেকে দূরে ভিড়িয়ে রাখা লাটাহাম্বায় গরু ৩টি নিয়ে যায়।

পুলিশ চোর ধরতে তৎপরতা শুরু করে। এরই এক পর্যায়ে গত ১৩ অক্টোবর আসাননগর গ্রামে অভিযান চালিয়ে আনজেত আলীর ছেলে শাওনকে আটক করে। পুলিশ জানায়, আটক শাওন বেশ কয়েকজনের নাম জানিয়েছে। তার বিষয়ে খোঁজ খবর নেওয়া হচ্ছে।

আলমডাঙ্গায় দুর্যোগ প্রশমন দিবস পালিত

“মুজিব বর্ষের প্রতিশ্রুতি, জোরদার করি দুর্যোগ প্রস্তুতি” এ প্রতিপাদ্যে আলমডাঙ্গায় উদযাপন হলো আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস -২০২১। এ দিবস উপলক্ষে উপজেলার প্রশাসনের উদ্যোগে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলার ভাইসচেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইসচেয়ারম্যান কাজী মারজাহান নিতু, আলমডাঙ্গা সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির। উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক ইমন। অনুষ্ঠান শেষে আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের উদ্যোগে আগুন নেভানো ও নিয়ন্ত্রণ শেখানো হয়।

চুয়াডাঙ্গার বারোয়ারী পূজামন্ডপে মহাষ্টমী উপলক্ষে আলোচনা সভা

চুয়াডাঙ্গা সদর উপজেলার মাখালডাঙ্গা ইউনিয়নের কুকিয়াচাঁদপুর বারোয়ারী পূজামন্দিরে মহাষ্টমী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সন্ধ্যা ৭টার দিকে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মন্দির কমিটির সভাপতি শ্রী গৌতমের সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আ.লীগের ক্রিড়া বিষয়ক সম্পাদক আরশাদ উদ্দিন চন্দন। এছাড়াও উপস্থিত ছিলেন মাখালডাঙ্গা ইউনিয়ন আ.লীগের সভাপতি শ্রী বিশ্বজিৎ, সাধারণ সম্পাদক ডাক্তার রফিক রহমান, বেগমপুর ইউনিয়ন আ.লীগের সাবেক সাধারণ সম্পাদক হামিদুল্লাহ, আ.লীগ নেতা বাবুল আক্তার, মতিয়ার রহমান, মনির, কাদের, রানা, বাদল, মাসুম ঝন্টু মিয়া, হাফিজ সরকার যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম প্রমুখ ।

বিট পুলিশিংয়ের কারণে মানুষ দোরগোড়ায় সেবা পাচ্ছে

মুজিব বর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার” এ স্লোগান কে সামনে রেখে, দর্শনা থানাধীন ৯নং বিট ও গড়াইটুপি ইউনিয়নের আয়োজনে গড়াইটুপি সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মঙ্গলবার বিকাল সাড়ে ৪টায় বিট পুলিশিং সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। ইউপি চেয়ারম্যান

শফিকুর রহমান রাজুর সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা রাখেন চুয়াডাঙ্গা পুলিশ জাহিদুল ইসলাম।

প্রধান অতিথি বলেন, একটি গণতান্ত্রিক দেশে প্রতিটি নাগরিকের পুলিশি সেবাপ্রাপ্তির অধিকার রয়েছে। তাই সমাজ ও মানুষের প্রতি পুলিশের রয়েছে দায়বদ্ধতা। মনে রাখতে হবে মানুষ মানুষের জন্য, সকলে মোরা সকলের ত্বরে প্রত্যেকে মোরা পরের তরে।

আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন মাপকাঠিতে বাংলাদেশ বিস্ময়কর সাফল্য অর্জন করেছে। উন্নয়নের এ অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং টেকসই করতে হলে টেকসই সুষ্ঠু আইনশৃঙ্খলার কোনো বিকল্প নেই। আর টেকসই আইনশৃঙ্খলার জন্য জনগণের সহযোগিতা ও সম্পৃক্ততা অত্যাবশ্যক। পুলিশকে গণমুখী ও জনবান্ধব করার জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এসব উদ্যোগ নিঃসন্দেহে পুলিশের ভূমিকাকে আরও উজ্জ্বল করবে এবং পুলিশের প্রতি জনগণের আস্থার সংকট কাটিয়ে পুলিশ-জনতা সম্পর্কোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

পুলিশি সেবা জনগণের একেবারে দোরগোড়ায় পৌঁছানো এবং পুলিশের কার্যক্রমকে আরও গতিশীল ও গণমুখী করার প্রত্যয় নিয়ে বিট পুলিশিং কার্যক্রম শুরু হয়েছে। বিট পুলিশিংয়ের মাধ্যমে ছোটখাটো সামাজিক বিরোধ প্রাথমিকভাবে নিষ্পন্ন করা গেলে গুরুত্বর অপরাধ সংঘটনের সম্ভাবনা হ্রাস পাবে। তাই ইভটিজিং, যৌতুক, বাল্যবিয়ে ইত্যাদি সামাজিক সমস্যা নিরসন জনগণকে উদ্বুদ্ধ ও সচেতন করা অতিব জরুরি।

বিট পুলিশিং’র কারনে একদিকে যেমন প্রত্যন্ত অঞ্চলের জনগণ পুলিশি সেবা পাচ্ছে, সেইসঙ্গে বাড়ছে পুলিশের প্রতি মানুষের আস্থা ও বিশ্বাস। আগামীর সম্ভাবনাময় উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে জনগণের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতায় সম্প্রসারিত বিট পুলিশিং সামনে এগিয়ে যাবে এবং এর সুফল সবাই ভোগ করবে এটাই আমাদের প্রত্যাশা।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা রাখেন, সিনিয়র সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল মুন্না বিশ্বাস, দর্শনা থানার অফিসার ইনচার্জ লুৎফুল কবির, বীরমুক্তিযোদ্ধা নুরুল ইসলাম, দৈনিক প্রথম আলো পত্রিকার জেলা প্রতিনিধি শাহা আলম সনি প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন জনপ্রতিনিধি, বীরমুক্তিযোদ্ধা, সুশিল সমাজের নেতৃবৃন্দ ও গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমান আদালতের অভিযান- জরিমানা আদায়

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করেছেন ভোক্তা অধিকার চুয়াডাঙ্গা।মঙ্গলবার সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা রেল বাজারে এই অভিযান পরিচালনা করেন ভোক্তা অধিকার চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ।

এ সময় অনুমোদনহীন ও নিম্নমানের চিপস উৎপাদন ও বাজারজাত সেই সাথে বিএসটিআইয়ের অনুমোদন কিন্তু প্যাকেটে বিএসটিআইয়ের লোগো, প্যাকেটে দেয়া নিউট্রিশন ফ্যাক্টস ভ্যালুর নেই কোন প্রামাণিক দলিল। বাজার থেকে কিনে এনে হুবহু প্রাণ জিরোস প্যাকেট নকল করে তৈরি ও বাজারজাত করা হচ্ছে নিম্নমানের চিপস। উক্ত অপরাধে চুয়াডাঙ্গা সদর উপজেলার রেলগেটে অবস্থিত মেসার্স অনন্যা ফুডসকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৫০ ধারায় ১,০০,০০০/- টাকা জরিমানা করা হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক ও জেলা প্রশাসক চুয়াডাঙ্গা এর সার্বিক তত্ত্বাবধানে চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন।

সহযোগিতায় ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপারের নির্দেশে পুলিশ লাইন ও সদর থানা পুলিশের একটি টিম। এসময় প্রাণ কোম্পানির খুলনা বিভাগীয় ও জেলা প্রতিনিধি উপস্থিত ছিলেন। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন তিনি।

চুয়াডাঙ্গার বলদিয়ায় পুকুরের

পানিতে ডুবে শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গা তিতুদহের বলদিয়া গ্রামের কাজলাপাড়ায় পুকুরের পানিতে ডুবে রূপচাঁদ নামের (৫) বছর বয়সি এক শিশুর করুন মৃত্যু হয়েছে। ছেলের মৃত্যুতে পরিবার জুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের বলদিয়া গ্রামের কাজলা পাড়ার বাবলু হোসেনের ছেলে রূপচাঁদ গতকাল সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে সহপাঠিদের সাথে খেলা করতে যায়।

একপর্যায় সহপাঠিরা জনৈক আশরাফের পুকুরে গোসল করতে পানিতে নামলে রূপচাঁদও তাদের সাথে পানিতে নামে। রূপচাঁদ সাঁতার না জানায় পানিতে ডুবে যায়। সহপাঠিরা তার বাড়িতে খবর দিলে বাড়ির লোকজন পুকুর থেকে তার মরদেহ উর্দ্ধার করে।

এদিকে সন্তানের করুণ মৃত্যুতে পরিবারজুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

দর্শনায় মিজান ফার্মেন্সীতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখায় জরিমানা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার কেরুজ গেটের সামনে মিজান ফার্মেন্সীতে ২০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

জানা যায় সোমবার দুপুর ১ টার দিকে চুয়াডাঙ্গা জেলার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর অভিযান চালায় মিজান ফার্মেন্সীতে।

এ সময় চুয়াডাঙ্গা জেলার জাতীয় অধিকার সংরক্ষনের সহকারী পরিচালক সজল আহম্মেদ মিজান ফার্মেসীতে অভিযান পরিচালনা করে মেয়াদ

উ্ত্তীর্ন ও ফ্রি সেম্পুল ঔষধ রাখায় ৩৭ ও ৫১ ধারায় ২০ হাজার টাকা জরিমানা আদায় করেন।

চুয়াডাঙ্গায় করোনা আক্রান্ত ১

চুয়াডাঙ্গায় সোমবার করোনা আক্রান্ত হয়েছেন আরও ১ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার। চুয়াডাঙ্গায় মোট ২০৯ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৯ জন এবং জেলার বাইরে ২০ জন।

নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন।এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৯৩ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ সোমবার ৪৫ জনের নমুনা সংগ্রহ করেছে।

এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৮ হাজার ২৭৩ জন।এ দিকে ৫০ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ৩০ হাজার ১১৩ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ১ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৮৯৩ জনে। সোমবার কোনো করোনা রোগী সুস্থ হয়নি ।

এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৬১৫ জন।বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে কোনো করোনা রোগী না থাকলেও বাড়িতে আছেন ৬৯ জন। নতুন যে ১ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলায় ১ জন।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৮ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৭ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১.২৪ শতাংশ।

দর্শনা পুরাতন বাজার পুজা মন্দিরের ৫০ বছর পূর্তি উৎসব

দর্শনা পুরাতন বাজার পূজা মন্দিরের বয়স ৫০ বছর পূর্তি হয়েছে। দিবসটি স্মরণীয় করে রাখতে মন্দির কমিটি গ্রহন করেছে দিনব্যাপি ব্যাপক কর্মসূচি। কর্মসূচির শুরুতে সোমবার বিকাল ৩ টার দিকে মন্দির চত্তর থেকে বের করা হয় বণাঢ্য র্যালি।

র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করেছে। “সুবর্ণ রেখার কালে, এসো আনন্দময়ী, আঘাত দুরে ঠেলে” এ প্রতিবাদ্যকে ধারণ করে সন্ধ্যায় মন্দির চত্তরে মঙ্গল প্রদীপ প্রজ্জলনের মধ্যদিয়ে শুরু হয় আলোচনা সভা।

হিন্দু সম্প্রদায় নেতা ডাঃ দুলাল চন্দ্র দে’র সভাপতিত্বে সভায় আলোচনা করেন, মন্দির পরিচালনা কমিটির সভাপতি উত্তম রঞ্জন দেবনাথ।

অন্যান্যের মধ্যে আলোচনা করেন কমিটির সাধারণ সম্পাদক অনন্ত সান্তারা মঙ্গল, অবনি মোহন সান্তারা, ভোলানাথ চক্রবর্তি, জয়ন্ত সিংহ রায়, সুভেনন্দ্রনাথ শান্ত, মদন মহন সাহা, মুকুল দেবনাথ, অমল পাল, আসুতোষ, দিপক দাস, কার্ত্তিক সাহা, কাজল সাহা, শৈলেন শান্তারা, পল্টু শিল, শুভ্রত বিশ্বাস, সাধন, নির্মল দেবনাথ প্রমুখ।।